



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০২.২০.২০৪

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৭  
০৩ জুলাই ২০২০

বিষয়: স্নাতক(পাস) পর্যায়ে প্রাণিবিদ্যা বিষয়ে এমপিওভুক্তকরণ।

সূত্র: বদরগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষের ১০/১০/২০১৯ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন বদরগঞ্জ মহিলা কলেজে স্নাতক(পাস) পর্যায়ে প্রাণিবিদ্যা বিষয়ে NTRCA থেকে নিয়োগপ্রাপ্ত জনাব মো: সোহেল রানা এর এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত কামনা করে প্রতিষ্ঠান থেকে সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন। প্রতিষ্ঠান থেকে সরবরাহকৃত রেকর্ডপত্র অনুযায়ী দেখা যায় বদরগঞ্জ মহিলা কলেজটি ডিগ্রি কোডে এমপিওভুক্ত। প্রতিষ্ঠানটিতে উচ্চমাধ্যমিক স্তরের জন্য শিক্ষাবোর্ড থেকে জীববিজ্ঞান বিষয়ের স্বীকৃতি আছে এবং জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(পাস) পর্যায়ের জন্য উদ্ভিদ বিদ্যা ও প্রাণিবিদ্যা বিষয়ের অধিভুক্তি আছে। ডিগ্রিস্তরে প্রাণিবিদ্যা বিষয়ের অধিভুক্তি আছে এবং উক্ত পদের বিপরীতে জনাব মো: হারুন অর রশিদ, প্রভাষক(প্রাণিবিদ্যা) পদে এম.পি.ও ভুক্ত আছে।

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রাণিবিদ্যা বিষয়ে ২য় শিক্ষক হিসেবে জনাব মো: সোহেল রানাকে এমপিওভুক্তির সুযোগ নাই। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

৩-৭-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

অধ্যক্ষ, বদরগঞ্জ মহিলা কলেজ, বদরগঞ্জ, রংপুর;

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০২.২০.২০৪/১(৩)

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৭  
০৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৩) সংরক্ষণ নথি।

৩-৭-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক